**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/23/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্কজুড়ে 75টি সম্প্রদায়ে পরিবহন উন্নয়ন সমর্থনে 178.8 মিলিয়ন মার্কিন ডলার তহবিল ঘোষণা করলেন

***নতুন অ্যাক্সেসিবল সাইডওয়াক এবং মিশ্র ব্যবহারের পথের নির্মাণ সমর্থন করে, পথচারী এবং বাইসাইকেল নিরাপত্তা উন্নত করে, এবং সকল বয়স ও সক্ষমতার মানুষের জন্য পরিবহন ব্যবস্থা ব্যবহার করার সুযোগ সৃষ্টি করে***

***প্রকল্পগুলি নিউ ইয়র্ক স্টেটের দেশের শীর্ষস্থানীয় জলবায়ু লক্ষ্য অগ্রসর করে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটজুড়ে 75টি সম্প্রদায়ে পরিবেশবান্ধব পরিবহনের মাধ্যমের প্রসার করে এবং হাঁটা, সাইকেল চালানো বা হাইক সহজতর করে এমন প্রকল্পসমূহকে 178.8 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে। তহবিলটি সকল ব্যবহারকারীর জন্য পরিবহন ব্যবস্থা ব্যবহারের সুযোগ উন্নত করবে এবং নতুন সাইডওয়াক, মিশ্র ব্যবহারের পথ এবং মোটরচালিত নয় এমন যাত্রার মাধ্যম ব্যবহারের সুযোগ করে দেয় এমন অন্যান্য উন্নয়নের নির্মাণ সমর্থন করে এবং গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করে জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করতে নিউ ইয়র্ক স্টেটের দেশের শীর্ষস্থানীয় এজেন্ডা অগ্রসর করবে। অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহের দুই তৃতীয়াংশের বেশি পরিবেশগতভাবে ন্যায়বিচার সম্প্রদায়সমূহকে (Environmental Justice Communities) লাভবান করবে, ফলে ওইসব এলাকায় বসবাসরত প্রধানত নিম্ন ও মধ্যম আয়ের পরিবারের জন্য সংযোগ, বাতাসের মান এবং বাইসাইকেল ও পথচারীদের সুযোগ বৃদ্ধি করবে।

"সম্প্রতি গ্রহণ করা স্টেট বাজেটে এবং আমাদের ঐতিহাসিক ক্যাপিটাল পরিকল্পনায় যেমনটি দেখা গেছে, নিউ ইয়র্ক নজিরবিহীন বিনিয়োগ করে যাচ্ছে যাতে করে আমরা আগের থেকেও শক্তিশালী হয়ে উঠতে পারি," **গভর্নর হোকল বলেন।** "আমরা স্টেটজুড়ে কৌশলী উদ্যোগে বিনিয়োগ করছি যাতে জীবনযাত্রার মান উন্নত করতে পারি, অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রসার করতে পারি এবং আমাদের সম্প্রদায়সমূহকে পুনরুজ্জীবিত করতে পারি। সবথেকে গুরুত্বপূর্ণ হলো, চলাচলের বিকল্প উন্নত করে এবং যে পরিবেশগতভাবে ন্যায়বিচার সম্প্রদায়সমূহের ব্যক্তিদের জন্য গতানুগতিকভাবে পর্যাপ্ত পরিবহনের সুযোগের অভাব রয়েছে তাদের জন্য এই অর্থ নতুন সুযোগ প্রদান করবে এবং প্রতিবন্ধকতা অপসারণ করে।"

"নিউ ইয়র্ক এধরনের প্রকল্প অগ্রসর করতে প্রতিশ্রুতিবদ্ধ যা শুধু পরিবহন বিকল্প ব্যবহার করে নিঃসরণ হ্রাস করতে সাহায্য করবে না, বরং ট্র্যাফিক জ্যাম প্রশমন করবে এবং সংযোগ, বাতাসের মান উন্নত করতে এবং প্রধানত নিম্ন ও মধ্যম আয়ের পরিবারের জন্য সুযোগ বৃদ্ধি করতে সাহায্য করবে," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "তহবিলটি নিউ ইয়র্ক স্টেটজুড়ে সকল অঞ্চলের জন্য একটি বিজয়, এবং এটি আগামী প্রজন্মসমূহের লাভের জন্য আজকে বুদ্ধিমান বিনিয়োগ করতে আমাদের প্রতিশ্রুতির আরেকটি উদাহরণ।"

তহবিলটি মোট প্রকল্প ব্যয়ের 80 শতাংশ পর্যন্ত প্রদান করে এবং এটি ফেডারেল হাইওয়ে প্রশাসনের (Federal Highway Administration) মাধ্যমে উপলভ্য করা হয়েছে এবং এটি পরিচালনা করবে নিউ ইয়র্ক স্টেটের পরিবহন ডিপার্টমেন্ট (New York State Department of Transportation, DOT)। প্রকল্পগুলি নির্বাচিত হয়েছে একটি প্রতিযোগিতামূলক আবেদন প্রক্রিয়ার মাধ্যমে যেখানে প্রাপকদের প্রদর্শন করতে হয়েছে যে প্রস্তাবিত কর্মকাণ্ড কীভাবে যানবাহন ছাড়া পরিবহনের বিকল্প বৃদ্ধি করতে, যানবাহনের নিঃসরণ হ্রাস করতে এবং/অথবা ট্র্যাফিক জ্যাম কমাতে অবদান রাখবে। প্রকল্পের স্পন্সর অবদানের সাথে মিলিত হয়ে, এই অর্থ সম্প্রদায়ে প্রায় 550 মিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত বিনিয়োগের ব্যবস্থা করবে।

**নিউ ইয়র্ক স্টেটের পরিবহন ডিপার্টমেন্টের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন,** "গভর্নর ক্যাথি হোকল সকল নিউ ইয়র্কবাসীর জীবনযাত্রার ম্যান উন্নত করতে তার প্রতিশ্রুতিতে অটল, তিনি স্টেটের প্রতিটি অঞ্চলে সম্ভাব্য সকল ধরনের পরিবহনের প্রসার করতে অভীষ্ট বিনিয়োগ করে যাচ্ছেন। সাইডওয়াক, বিনোদনমূলক সুযোগ, এবং পথচারী ও বাইক চালানোর সুযোগের উপর মনোযোগ দানকারী এই প্রকল্পগুলি কোভিড-19 পরবর্তী পরিবেশে আরো হাঁটার উপযোগী ও বাইক চালানোর উপযোগী সম্প্রদায়ের বর্ধিত গণচাহিদা সমর্থন করবে। এমন বিনিয়োগ এমন একটি ভবিষ্যতের পথ তৈরি করবে যা গভর্নরের ভিশনের সাথে মানানসই, যেখানে আমাদের সম্প্রদায় এবং পরিবহন নেটওয়ার্ক সকলের জন্য আরো বেশি সহজলভ্য থাকবে এবং আমাদের কার্বন পদচিহ্ন ক্ষুদ্রতর হবে।"

**নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন,** "নিউ ইয়র্কের জলবায়ু লক্ষ্য অর্জনে আমাদের কাজের ক্ষেত্রে এটি আবশ্যক যাতে আমরা বাসিন্দাদের, বিশেষ করে সুবিধাবঞ্চিত এলাকার বাসিন্দাদের কাছে যাতে হাঁটার, বাইক চালানোর বা অন্যান্য নিঃসরণমুক্ত পরিবহনের মাধ্যম ব্যবহার করে নিরাপদে কাজে যাওয়ার এবং সম্প্রদায়ের সুযোগসুবিধা ও সংস্থান পর্যন্ত যাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করতে পারি। মিশ্র ব্যবহারের এবং বাইক চালানোর পথ নির্মাণ এবং উন্নত করা স্টেটজুড়ে বিভিন্ন সম্প্রদায়ে ক্ষতিকর নিঃসরণ হ্রাস করতে সাহায্য করে এবং আরো তাজা বাতাস এবং পরিচ্ছন্নতর, সবুজতর পরিবেশ প্রদানের মাধ্যমে সকল নিউ ইয়র্কবাসীর জন্য উচ্চমানের জীবন নিশ্চিত করে।"

**এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) কমিশনার ব্যাসিল সেগোস বলেন,** "আমি আরো শক্তিশালী, স্থিতিস্থাপক এবং টেকসই সম্প্রদায় গঠনে গভর্নর ক্যাথি হোকলের অবিচল প্রতিশ্রুতির প্রশংসা

করছি। 75টি সম্প্রদায়কে প্রভাবিত করা উল্লেখযোগ্য এই বিনিয়োগটি আরো পরিবেশবান্ধব পরিবহন মাধ্যমকে সমর্থনকারী প্রক্রিয়ার আরেকটি কৌশলী ধাপ, যা আমাদের কার্বন পদচিহ্ন হ্রাস করার জন্য আরো বেশি মানুষকে ঘরের বাইরে হাঁটতে এবং বাইসাইকেলে চালাতে দেয়। পাশাপাশি, এই তহবিলগুলি সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে বসবাসরত মানুষের জীবনযাত্রার মান সরাসরি উন্নয়ন করবে যাদের কথা প্রায়শই কমিউনিটি পরিবহন এবং পুনরুজ্জীবনের সময় ভুলে যাওয়া হয়।

**সিনেটর চাক শুমার বলেন,** "নিউ ইয়র্ক তৈরি হয়ে যাও কারণ দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের মাধ্যমে যেই ফেডারেল ডলার পাওয়ার ব্যবস্থা আমি করেছি তার কল্যাণে আমরা একটি বাইক বুম দেখতে যাচ্ছি! এই তহবিলের অর্থ হলো সিরাকিউজে আরো ভালো বাইক লাইন, ইথাকার গর্জে আরো ট্রেইল, ফিঙ্গার লেকসের টাউনগুলিতে আরো ভালো হাঁটার ব্যবস্থা এবং আরো অনেক কিছু। আমি গ্রিনওয়েতে এইসব দুর্দান্ত বিনিয়োগের পথ তৈরি করতে পেরে এবং আপস্টেট নিউ ইয়র্ককে আরো পরিচ্ছন্ন, স্বাস্থ্যকর ও ব্যবহারযোগ্য ভবিষ্যতের দিকে নিয়ে যেতে পরিবহন সম্প্রসারণ করতে পেরে গর্বিত।"

**প্রতিনিধি ব্রায়ান হিগিংস বলেন,** "অ্যামহার্স্টের নায়াগ্রা ফলস বুলেভার্ড সংলগ্ন প্রকল্পটির মতো প্রকল্পগুলি নিরাপত্তা বৃদ্ধি করবে, টোনাওয়ান্ডাসে বিনিয়োগ হলে তা বিনোদনমূলক ট্রেইল গঠন ও সংযোগ অব্যাহত রাখবে এবং বৈদ্যুতিক বাসের জন্য তহবিল আরো পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর এলাকাকে সমর্থন করবে। একত্রে, পশ্চিম নিউ ইয়র্কে প্রায় 39 মিলিয়ন মার্কিন ডলারের এই বিনিয়োগ আরো শক্তিশালী সম্প্রদায় গঠনে এবং বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নয়নে সাহায্য করবে।"

**প্রতিনিধি পল টঙ্কো বলেন,** "পথচারী এবং বাইক অবকাঠামোতে বিনিয়োগ করা মানুষকে তাদের চাকরি, স্কুল, এবং সম্প্রদায়ে সার্বিকভাবে সংযুক্ত করার জন্য অত্যাবশ্যকীয়। ক্যাপিটাল রিজিয়নের এই পরিবহন উন্নয়নগুলি আমাদেরকে অতি গুরুত্বপূর্ণ জলবায়ু লক্ষ্য পূরণে সাহায্য করবে এবং আমাদের অঞ্চলকে আরো স্বাস্থ্যকর, নিরাপদ ও আরো স্থিতিস্থাপক বানানোর সুযোগ প্রদান করবে। আমি বলিষ্ঠ পরিবহন উন্নয়ন সমর্থনে গভর্নরের কাজের জন্য কৃতজ্ঞ। আমি আমাদের পরিচ্ছন্ন অর্থনীতির প্রবৃদ্ধি করবে এবং আমাদের সকলের জন্য আরো ভালো ভবিষ্যৎ নিয়ে আসবে এমন ফেডারেল বিনিয়োগ আনার চেষ্টা করে যাবো।"

**প্রতিনিধি ক্যাথলিন রাইস বলেন,** "আমি অতি আনন্দিত যে আমাদের জেলা পরিবহন উন্নত করতে এই তহবিলটি নিশ্চিত করেছে। এই প্রকল্পগুলির অর্থায়ন শুধু সড়কের নিরাপত্তা এবং যাতায়াতকারীদের জীবনযাত্রার মান বৃদ্ধি করবে না, বরং এটি লং আইল্যান্ডের সার্বিক কার্বন পদচিহ্ন হ্রাস করতেও সাহায্য করবে। গভর্নর হোকলকে ধন্যবাদ, লং আইল্যান্ডকে আরো হাঁটার উপযোগী এবং ব্যবহারযোগ্য বসবাসের স্থান বানানোর জন্য।"

**প্রতিনিধি জো মোরেল বলেন,** "যেহেতু আমরা আমাদের স্থানীয় অবকাঠামো জোরদার করার কাজ করছি, তাই বহু-মোডাল পরিবহন বিকল্পকে সমর্থন করে এমন প্রকল্পসমূহকে অগ্রাধিকার প্রদান করা অতি গুরুত্বপূর্ণ। এই বিনিয়োগগুলি যাতায়াতকারীদের চাহিদা পূরণে সাহায্য করবে এবং একই সাথে আমাদের পরিবেশকে সংরক্ষণ করবে। আমি এই তহবিল নিশ্চিত করতে

সাহায্য করতে পেরে গর্বিত এবং আরো নিরাপদ ও পরিবেশগতভাবে আরো টেকসই সম্প্রদায়সমূহ সৃষ্টির কৌশলের পক্ষে কথা বলে যাবো।"

**প্রতিনিধি জামাল বোম্যান বলেন,** "আমি আজকে গভর্নর হোকলের সাথে যোগ দিয়ে আমাদের পার্ক এবং পাবলিক স্থানে অতি গুরুত্বপূর্ণ পরিবহন উন্নয়নের জন্য এইসব তহবিল ঘোষণা করতে পেরে গর্বিত। নিউ ইয়র্কের নিউ ইয়র্ক সিটির 16তম কংগ্রেশনাল জেলার (16th Congressional District) হ্যাস্টিংস অন হাডসন এবং মামারোনেক ভিলেজ পাবলিক স্থান ব্যবহারের সুযোগ আরো বৃদ্ধি করা এবং একই সাথে ট্র্যাফিক জ্যাম কমানোর জন্য করা এই উন্নয়ন দ্বারা লাভবান হবে। আমি এই প্রকল্পগুলির কাজ শুরু হতে দেখতে এবং আমাদের সম্প্রদায়সমূহকে লাভবান করবে এমন আরো পরিবহন প্রচেষ্টাকে সমর্থন করতে উন্মুখ।"

**স্টেটের পরিবহন কমিটির (Senate Transportation Committee) প্রধান, স্টেট সিনেটর টিম কেনেডি বলেন,** "যখন আমরা নিউ ইয়র্কের অবকাঠামো উন্নত করে যাচ্ছি, তখন আমাদের জন্য এমন সম্পূর্ণ স্ট্রিট ধারণায় কৌশলী বিনিয়োগ করা আবশ্যক যা রাস্তার সকল ব্যবহারকারীকে অগ্রাধিকার প্রদান করে এবং নিরাপত্তা ও ব্যবহারযোগ্যতা নিশ্চিত করে। নিবেদিত এই তহবিলটি নিউ ইয়র্কের প্রগতিশীল পরিবহনকে এবং পরিবেশগত এজেন্ডাকে অগ্রসর করতে থাকবে এবং পরিশেষে টেকসই, উদ্ভাবনী সম্প্রদায় গঠন করবে।"

**স্টেট অ্যাসেম্বলির পরিবহন কমিটির (State Assembly Transportation Committee) প্রধান, অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম বি. ম্যাগনারেলি বলেন,** "হাঁটা, বাইক চালানো এবং হাইকিং ট্রেইলে বিনিয়োগ করা নিউ ইয়র্ক স্টেটের আমাদের সম্প্রদায়সমূহের প্রতি অঙ্গীকারকে জোরদার করে। নিউ ইয়র্ক এইসব পরিবহন বিকল্পের সুযোগ দিয়ে দেশে নেতৃত্ব দিয়ে যাচ্ছে, যা ব্যায়ামে এবং পরিবেশবান্ধব বিকল্প ব্যবহারে উৎসাহিত করে।"

## নিউ ইয়র্ক স্টেটের দেশের শীর্ষস্থানীয় জলবায়ু অ্যাক্ট সম্পর্কে

2019 সালের জুলাই মাসে,নিউ ইয়র্ক জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সংরক্ষণ অ্যাক্ট (জলবায়ু অ্যাক্ট) (Climate Leadership and Community Protection Act, Climate Act) পাশ করে, যা এই দেশের সর্বাপেক্ষা উচ্চাকাঙ্ক্ষী এবং সার্বিক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি বিধিমালার প্রতিনিধিত্ব করে। জলবায়ু অ্যাক্টের দেশের শীর্ষস্থানীয় জলবায়ু ও শক্তি লক্ষ্য এক সেট সুদূরপ্রসারী ব্যবস্থা গ্রহণের জন্য মঞ্চ তৈরি করে দেয় যা আমাদের কার্বন পদচিহ্ন হ্রাস করবে এবং নিউ ইয়র্কজুড়ে সম্প্রদায়সমূহের স্থিতিস্থাপকতা বৃদ্ধি করবে। এটি বাসিন্দা ও সম্প্রদায়কে একইরকমভাবে ব্যবসা, স্কুল এবং সরকারের সাথে অংশীদারিত্ব করার সুযোগ প্রদান করবে যাতে একটি সবুজ অর্থনীতি সৃষ্টি করা যায় এবং আরো টেকসই ভবিষ্যৎ গঠন করা যায়।

অঞ্চলভেদে প্রকল্পের একটি পূর্ণ তালিকা এখানে দেওয়া হলো।

**ক্যাপিটাল রিজিয়ন - 27.2 মিলিয়ন মার্কিন ডলার**

- 1,569,539 মার্কিন ডলার, বেথলেহেম টাউনকে, চেরি অ্যাভিনিউ এক্সটেনশন সংলগ্ন একটি বাঁধানো বহু ব্যবহারের পথ নির্মাণের জন্য।
- 1,781,000 মার্কিন ডলার, ক্লিফটন পার্ক টাউনকে, মেইন স্ট্রিট সংলগ্ন পথচারী ও বাইক ফ্যাসিলিটি উন্নত করার জন্য।
- 4,565,356 মার্কিন ডলার, কোহোয়েস সিটিকে, প্রায় তিন মাইল সাইডওয়াক, বাইক লেন এবং অন্যান্য উন্নয়ন নির্মাণের জন্য যাতে স্কুলের নিরাপদ রাস্তাসহ একটি পথচারীবান্ধব পরিবেশের ব্যবস্থা করা যায়।
- 1,496,560 মার্কিন ডলার, গ্লেনভিল টাউনকে, ফ্রিম্যান্স ব্রিজ রোড সংলগ্ন সাইডওয়াক নির্মাণের জন্য।
- 910,466 মার্কিন ডলার, গিল্ডারল্যান্ড টাউনেকে, ইস্ট ওল্ড স্টেট রোড সংলগ্ন পথচারী নিরাপত্তা উন্নয়ন প্রদান করার জন্য।
- 1,864,348 মার্কিন ডলার, কিন্ডারহুক ভিলেজকে, অ্যালবানি অ্যাভিনিউ সংলগ্ন পথচারী এবং বাইসাইকেল উন্নয়ন নির্মাণের জন্য।
- 2,456,764 মার্কিন ডলার, নাসাউ ভিলেজকে, পুরো ভিলেজে ইন্টারসেকশন ও পথচারী উন্নয়ন নির্মাণের জন্য।
- 713,526 মার্কিন ডলার, স্যান্ড লেক টাউনকে, স্যান্ড লেক বিচ সাইডওয়াকের সাথে সংযুক্ত করার জন্য রিচার্ডস লেক রোড সংলগ্ন সাইডওয়াক নির্মাণের জন্য।
- 1,497,984 মার্কিন ডলার, সারাটোগা কাউন্টিকে, বলস্টোন টাউন থেকে মিল্টন টাউন পর্যন্ত জিম স্মিথ ট্রেইল - নর্দার্ন ট্রেইল এক্সটেনশনের একটি সংযোগ নির্মাণের জন্য।
- 1,014,400 মার্কিন ডলার, ভুরহিসভিল ভিলেজকে, সাইডওয়াক, কার্বিং, এবং ক্রসওয়াক নির্মাণ ও প্রতিস্থাপন করার জন্য।
- 4,896,000 মার্কিন ডলার ক্যাপিটাল ডিস্ট্রিক্ট পরিবহন কর্তৃপক্ষকে (Capital District Transportation Authority), ওয়াশিংটন-ওয়েস্টার্ন করিডোর সংলগ্ন বাস সেবা বিস্তৃত করার জন্য।
- 2,078,926 মার্কিন ডলার, স্কেনেকট্যাডি সিটিকে, ক্রেইগ স্ট্রিট পথচারী ব্রিজের উন্নয়ন করার জন্য।
- 2,362,592 মার্কিন ডলার, ওয়াল্টন টাউনকে, ট্র্যাফিক নিরাপত্তা এবং পথচারী সংযোগ উন্নয়ন নির্মাণের জন্য।

**সেন্ট্রাল নিউ ইয়র্ক - 14.1 মিলিয়ন মার্কিন ডলার**

- 1,246,560 মার্কিন ডলার, নর্থ সিরাকিউজ ভিলেজকে, ভিলেজজুড়ে সাইডওয়াক এবং ক্রসওয়াক নির্মাণের জন্য।
- 2,096,000 মার্কিন ডলার, সলভে ভিলেজকে, কগসওয়েল অ্যাভিনিউতে পথচারী উন্নয়ন নির্মাণের জন্য।
- 1,537,828 মার্কিন ডলার, সিরাকিউজ সিটিকে, ক্রিকওয়াক পর্যন্ত একটি সংযোজক প্রদানের জন্য ওনোন্ডাগা ক্রিকে কার্ক পার্ক পথচারী ব্রিজ প্রতিস্থাপনের জন্য।
- 3,574,400 মার্কিন ডলার, সিরাকিউজ সিটিকে, ইরি বুলেভার্ড ওয়েস্ট পর্যন্ত পথচারী ও বাইক উন্নয়ন নির্মাণের জন্য।

- 717,630 মার্কিন ডলার, লেনোক্স টাউনকে, লেনোক্স থেকে ওয়াম্পসভিল রেইল ট্রেইল পর্যন্ত সংযোগকারী একটি ট্রেইল নির্মাণের জন্য।
- 500,000 মার্কিন ডলার, ফিনিক্স ভিলেজকে, সাইডওয়াক পুনর্নির্মাণ করার জন্য এবং ফিনিক্স সেন্ট্রাল স্কুল জেলাকে ভিলেজের ক্যানাল ওয়াটারফ্রন্ট জেলার সাথে সংযুক্ত করার জন্য আমেরিকানস উইথ ডিজ্যাবিলিটি অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) অনুসরণ করা ক্রসওয়াক স্থাপনের জন্য।
- 4,426,450 মার্কিন ডলার, ওনোন্ডাগা কাউন্টিকে, টিল অ্যাভিনিউ সংলগ্ন পথচারী ও নিরাপত্তা উন্নয়ন নির্মাণের জন্য।

**ফিঙ্গার লেকস - 23.7 মিলিয়ন মার্কিন ডলার**

- 944,934 মার্কিন ডলার, ব্যাটাভিয়া সিটিকে, ব্যাংক এবং অ্যালভা স্ট্রিট সংলগ্ন ট্র্যাফিক শান্ত করা, বাইক লেন এবং সাইডওয়াক নির্মাণের জন্য।
- 1,207,336 মার্কিন ডলার, ব্রকপোর্ট ভিলেজকে, স্মিথ স্ট্রিট ব্রিজে সাইডওয়াক, পথচারীর পথ, ক্রসওয়াক এবং অন্যান্য পথচারী ও বাইসাইকেল চালকদের নিরাপত্তা উন্নয়নের জন্য।
- 4,004,800 মার্কিন ডলার, ফেয়ারপোর্ট ভিলেজকে, মেইন স্ট্রিটে সাইডওয়াক এবং বাইসাইকেল এবং পথচারী উন্নয়ন নির্মাণের জন্য।
- 1,771,200 মার্কিন ডলার, ফার্মিংটন টাউনকে, কমিউনিটি সেন্টার টাউন এরিয়াজুড়ে সাইডওয়াক এবং ট্রেইল সংযোগ নির্মাণের জন্য।
- 1,657,600 মার্কিন ডলার, অন্টারিও কাউন্টিকে, লেকশোর ড্রাইভ থেকে ম্যারিন স্যান্ডস ড্রাইভ পর্যন্ত রুট 364 সংলগ্ন সাইডওয়াক, একটি পথচারী ব্রিজ ও পথচারী ও বাইক পথ নির্মাণের জন্য।
- 583,384 মার্কিন ডলার, পেরিন্টন টাউনকে, স্প্রিং লেক পার্ক থেকেই চ্যানিং ফিলব্রিক পার্ক পর্যন্ত ট্রেইল নির্মাণের জন্য।
- 540,000 মার্কিন ডলার, পিটসফোর্ড টাউনকে, থর্নেল ফার্ম পার্ক এবং পিটসফোর্ড মেন্ডন হাই স্কুলের কাছে একটি সাইডওয়াক নির্মাণ ও ক্রসওয়াক উন্নয়নের জন্য।
- 576,400 মার্কিন ডলার, রচেস্টার-জেনেসি আঞ্চলিক কর্তৃপক্ষকে (Rochester-Genesee Regional Authority), মনরো ও অর্লিন্স কাউন্টিতে নতুন বাস ছাউনি ও বসার আসন স্থাপন করার জন্য।
- 1,828,147 মার্কিন ডলার, সেনেকা টাউনকে, মিন্ডার্স একাডেমি হাই স্কুল পর্যন্ত স্কুলের জন্য নিরাপদ রাস্তার (Safe Routes to School) জন্য সাইডওয়াক নির্মাণ এবং ক্রসওয়াক ও সাইনেজ উন্নয়ন করার জন্য।
- 1,518,053 মার্কিন ডলার, ইস্ট রচেস্টার ভিলেজকে, ইস্ট রচেস্টার K-8 এবং হাই স্কুল এলাকায় সাইডওয়াক, কার্ব এবং ক্রসওয়াক নির্মাণের জন্য।
- 1,094,196 মার্কিন ডলার, মেডিনা ভিলেজকে, ম্যাপল রিজ রোড করিডোর সংলগ্ন পথচারী ও বাইসাইকেল চালকদের জন্য একটি বহু ব্যবহারের পথ নির্মাণের জন্য।

- 5,000,000 মার্কিন ডলার, রচেস্টার-জেনেসি আঞ্চলিক কর্তৃপক্ষকে, পশ্চিম নিউ ইয়র্কের সেবাদান করার জন্য হাইড্রোজেন জ্বালানি কোষ বাস (Hydrogen Fuel Cell Buses) এবং জ্বালানি ভরার ব্যবস্থা (Fueling System) ক্রয়ের জন্য।
- 3,000,000 মার্কিন ডলার, রচেস্টারকে, জেনেসি নদীর উপরে একটি পরিত্যক্ত রেলপথ ব্রিজকে একটি বহু ব্যবহারের পথচারী ও বাইসাইকেল চালকদের ট্রেইলে পরিণত করার জন্য।

**লং আইল্যান্ড - 6.8 মিলিয়ন মার্কিন ডলার**

- 5,000,000 মার্কিন ডলার, নাসাউ কাউন্টিকে, লিডো বুলেভার্ড করিডোরে সাইডওয়াক নির্মাণ এবং ট্র্যাফিক শান্ত করার উন্নয়নের জন্য।
- 1,774,714 মার্কিন ডলার, ভ্যালি স্ট্রিম ভিলেজকে, লং আইল্যান্ড রেলরোড পর্যন্ত বিদ্যমান পথের সাথে যুক্ত করার জন্য একটি বহু ব্যবহারের পথ নির্মাণের জন্য।

**মধ্য হাডসন - 38.8 মিলিয়ন মার্কিন ডলার**

- 3,045,266 মার্কিন ডলার, ব্রায়ারক্লিফ ম্যানর ভিলেজকে, প্লিজেন্টভিল রোড, নর্থ স্টেট রোড, এবং ডেল্টন লেন সংলগ্ন সাইডওয়াক, ট্র্যাফিক শান্ত করার ব্যবস্থা এবং পথচারী পারাপার নির্মাণের জন্য।
- 3,617,424 মার্কিন ডলার, কোর্টল্যান্ডকে, ওয়েস্টব্রুক ড্রাইভ সংলগ্ন সাইডওয়াক, বাইক লেন নির্মাণ এবং স্ট্রিটস্কেপ উন্নয়নের জন্য।
- 2,781,317 মার্কিন ডলার, ক্রফোর্ড টাউনকে, নর্থ স্ট্রিট সংলগ্ন সাইডওয়াক, কার্বিং, র‍্যাম্প এবং ক্রসওয়াক নির্মাণের জন্য।
- 5,000,000 মার্কিন ডলার, গ্রিনবার্গ টাউনকে, সাইডওয়াক নির্মাণ এবং পথচারী পারাপারের উন্নয়ন এবং ইস্ট-ওয়েস্ট হার্টসডেল অ্যাভিনিউ করিডোরের উন্নয়নের জন্য।
- 785,395 মার্কিন ডলার, হ্যাস্টিংস অন হাডসন ভিলেজকে, সাইডওয়াক, কার্ব, এবং ব্রডওয়ের পাশে (রুট 9) একটি পথচারী ব্রিজ নির্মাণের জন্য।
- 1,085,800 মার্কিন ডলার, হাইড পার্ক টাউনকে, ঐতিহাসিক মেইন স্ট্রিটে সাইডওয়াক নির্মাণ এবং পথচারীর জন্য আলোর ব্যবস্থা করার জন্য।
- 3,999,420 মার্কিন ডলার, মামারোনেক ভিলেজকে, সাইডওয়াক, কার্ব, ট্র্যাফিক শান্ত করার ব্যবস্থা এবং হ্যালস্টিড অ্যাভিনিউ সংলগ্ন পথচারী পারাপার নির্মাণের জন্য।
- 958,272 মার্কিন ডলার, নিউ রোশেল সিটিকে, বিভিন্ন অবস্থানে ADA অনুসরণকারী সাইডওয়াক র‍্যাম্প , পথচারীর সংকেত এবং পুশ বাটন নির্মাণের জন্য।
- 3,960,000 মার্কিন ডলার, আলস্টার কাউন্টিকে, 2.5 মাইল দীর্ঘ আলস্টার এবং ডেলাওয়্যার রেলরোডকে একটি বহু ব্যবহারের ট্রেইলে রূপান্তর করতে এবং শ্যান্ডাকেন টাউনে হাইমাউন্ট থেকে বেলাআয়ের বিচ DUA পর্যন্ত পথচারী ব্রিজ নির্মাণের জন্য।
- 1,797,112 মার্কিন ডলার, ওয়েজলি হিলস ভিলেজকে, উইলো ট্রি রোডে ADA অনুসরণকারী সাইডওয়াক নির্মাণের জন্য।

- 5,000,000 মার্কিন ডলার, ইস্ট ফিশকিল ভিলেজকে, রুট 82/রুট 376 এ অফসেট গোলচক্কর নির্মাণের জন্য।
- 5,000,000 মার্কিন ডলার, মধ্য-হাডসন অঞ্চলকে, পাকিপ্সি সিটির রেমন্ড অ্যাভিনিউ, নিউ হ্যাকেনস্যাক রোড, এবং হুকার অ্যাভিনিউয়ে একটি গোলচক্কর নির্মাণের জন্য।
- 1,793,520 মার্কিন ডলার, ইস্ট ফিশকিল টাউনকে, জন জে হাই স্কুলের কাছে রুট 52 এ ইন্টারসেকশন এবং পথচারী উন্নয়নের জন্য।

**মোহক ভ্যালি - 8.6 মিলিয়ন মার্কিন ডলার**

- 5,000,000 মার্কিন ডলার, ওনিয়ন্টা সিটিকে, সাইডওয়াক এবং রুট 23 ও 28 সংলগ্ন পথচারীদের ও বাইসাইকেল চালকদের রাস্তা নির্মাণের জন্য।
- 3,576,000 মার্কিন ডলার, রোম সিটিকে, মোহক রিভার ট্রেইল নর্থকে রাইট-সেটেলমেন্ট রোড থেকেই গলফ কোর্স রোড পর্যন্ত বিস্তৃত করার জন্য।

**নিউ ইয়র্ক সিটি - 7.7 মিলিয়ন মার্কিন ডলার**

- 2,763,904 মার্কিন ডলার, নিউ ইয়র্ক সিটিকে, ফ্ল্যাটল্যান্ডস অ্যাভিনিউ সংলগ্ন একটি দুইমুখী, গ্রেড-পৃথক করা গ্রিনওয়ে পথ নির্মাণের জন্য।
- 5,000,000 মার্কিন ডলার, নিউ ইয়র্ক সিটিকে, ডেলান্সি স্ট্রিট সংলগ্ন পথচারী ও বাইকওয়ে নির্মাণের জন্য।

**নর্থ কান্ট্রি - 5.1 মিলিয়ন মার্কিন ডলার**

- 2,348,320 মার্কিন ডলার, ক্লিনটন কাউন্টিকে, প্ল্যাটসবার্গ টাউনের মিলিটারি টার্নপাইক করিডোরে সাইডওয়াক, কার্ব, ADA র‍্যাম্প, এবং বাইসাইকেলে লেন উন্নয়নের জন্য।
- 1,084,000 মার্কিন ডলার, নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টকে, সাউথ ইনলেট প্যারালেল থেকে রুট 28 পর্যন্ত একটি বহু ব্যবহারের পথচারী ব্রিজ নির্মাণের জন্য।
- 1,663,764 মার্কিন ডলার, ওয়াটারটাউন সিটিকে, সাইডওয়াক এবং ব্ল্যাক রিভার ট্রেইলের পশ্চিম অংশে বহু ব্যবহারের ট্রেইল নির্মাণের জন্য।

**সাউদার্ন টিয়ার - 8.0 মিলিয়ন মার্কিন ডলার**

- 2,200,000 মার্কিন ডলার, ইথাকা সিটিকে, ব্ল্যাক ডায়মন্ড ট্রেইল থেকে গেটওয়ে ট্রেইল পর্যন্ত একটি বহু ব্যবহারের ট্রেইল নির্মাণের জন্য।
- 571,263 মার্কিন ডলার, মন্টোর ফলস ভিলেজকে, ওয়েগো স্ট্রিটের রাস্তার ঝড়ের পানি উন্নয়নের নির্মাণকাজের জন্য।

- 671,954 মার্কিন ডলার, পেইন্টেড পোস্ট ভিলেজকে, সাইডওয়াক, একটি পথচারী ওয়াকওয়ে নির্মাণ, এবং ভিলেজ ওয়াকিং ট্রেইলের অন্যান্য পথচারী নিরাপত্তা উন্নয়নের জন্য।
- 2,344,70 মার্কিন ডলার, ভেস্টাল টাউনকে, ভেস্টাল রোড সংলগ্ন একটি বহু ব্যবহারের ট্রেইল নির্মাণের জন্য।
- 2,191,838 মার্কিন ডলার, ক্যাইয়ুগা হাইটস ভিলেজকে, ক্যাইয়ুগা হাইটস রোড সংলগ্ন সাইডওয়াক নির্মাণের জন্য।

**পশ্চিম নিউ ইয়র্ক - 38.8 মিলিয়ন মার্কিন ডলার**

- 1,490,400 মার্কিন ডলার, অ্যামহার্স্ট টাউনকে, ক্যারি রোডে প্যারাডাইজ পার্ক থেকে ট্রানজিট রোড পর্যন্ত সাইডওয়াক নির্মাণ ও বাইসাইকেলে লেন উন্নয়নের জন্য।
- 2,985,600 মার্কিন ডলার, বাফেলো সিটিকে, মেইন স্ট্রিট থেকেই ফিলমোর অ্যাভিনিউ পর্যন্ত স্ক্যাজাকোয়াডা ট্রেইলের পুনর্বাসনের জন্য।
- 791,680 মার্কিন ডলার, বাফেলো সিটিকে, ফরেস্ট অ্যাভিনিউ বহু ব্যবহারের পথ বর্ধিত করার জন্য।
- 2,354,887 মার্কিন ডলার, ইভান্স টাউনকে, লেক শোর রোড সংলগ্ন শোরলাইন ট্রেইলের একটি অংশের নির্মাণের জন্য।
- 3,861,362 মার্কিন ডলার, নায়াগ্রা ফ্রন্টিয়ার পরিবহন কর্তৃপক্ষকে (Niagara Frontier Transportation Authority), বাস স্টপ ক্যানোপি নির্মাণ ও বাফেলো সিটির নর্থ ডিভিশন স্ট্রিট সংলগ্ন পথচারী/বাইসাইকেল অবকাঠামো উন্নয়নের জন্য।
- 1,396,807 মার্কিন ডলার, ওলিয়ান সিটিকে, ওলিয়ান ওয়েইন স্ট্রিট সংলগ্ন একটি মিশ্র ব্যবহারের পথ নির্মাণের জন্য।
- 1,600,000 মার্কিন ডলার, অর্কিড পার্ক টাউনকে, স্কুলের নিরাপদ রাস্তা উন্নয়নে সাইডওয়াক এবং পথচারী ক্রসওয়াক নির্মাণের জন্য।
- 5,000,000 মার্কিন ডলার, NYS পার্কস, রিক্রিয়েশন এবং হিস্টোরিক প্রিজার্ভেশন অফিসকে (Office of Parks Recreation and Historic Preservation), অ্যালেগেনি কাউন্টিতে জেনেসি ভ্যালি গ্রিনওয়ে স্টেট পার্কে চারটি পথচারী ব্রিজ নির্মাণের জন্য।
- 1,696,000 মার্কিন ডলার, টোনাওয়ান্ডা টাউনকে, রিভার রোড থেকে টু মাইল ক্রিক রোডকে সংযুক্তকারী একটি রিভারওয়াক বহু ব্যবহারের পথচারী ট্রেইল নির্মাণের জন্য।
- 5,000,000 মার্কিন ডলার, নায়াগ্রা ফ্রন্টিয়ার পরিবহন কর্তৃপক্ষকে, পশ্চিম নিউ ইয়র্কজুড়ে মানুষকে সেবাদানের জন্য ব্যাটারি বৈদ্যুতিক বাস (Battery Electric Buses, BEB) ক্রয়ের জন্য।
- 1,050,000 মার্কিন ডলার, নর্থ টোনাওয়ান্ডা সিটিকে, মেয়র্স পার্ক এবং নর্থ টোনাওয়ান্ডা বোটানিক্যাল গার্ডেনের মধ্যে ইরি ক্যানাল বাইক পথের একটি বিস্তৃতি নির্মাণের জন্য।
- 3,448,028 মার্কিন ডলার, ক্লারেন্স টাউনকে, সাইডওয়াক নির্মাণের জন্য এবং মেইন স্ট্রিট থেকে ট্রানজিট রোড পর্যন্ত পথচারী উন্নয়নের জন্য।
- 802,707 মার্কিন ডলার, উইলিয়ামসভিল গ্রামকে, মেইন স্ট্রিট সংলগ্ন সাইডওয়াক এবং কার্ব র‍্যাম্প নির্মাণ করার জন্য।

- 5,000,000 মার্কিন ডলার, পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চলকে, I-190 ও নায়াগ্রা ফলস বুলেভার্ড ইন্টারসেকশন একটি ডাইভার্জিং ডায়মন্ড ইন্টারচেঞ্জ নির্মাণ করার জন্য।
- 2,368,000 পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চলকে, ইরি কাউন্টির ল্যাঙ্কেস্টার টাউনের হ্যারিস হিলের রুট 33-জেনেসি স্ট্রিটে একটি নতুন থ্রু লেন, অ্যাপ্রোচ, ট্র্যাফিক সিগন্যাল এবং পথচারী পারাপার নির্মাণ কার জন্য।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন